



যাচাই প্রক্রিয়া চলাকালীন

আশ্রয়ের পদ্ধতি



- যদি নিজের নিরাপত্তার কারণে দেশে ফিরে যেতে না পারো, তাহলে তুমি এখানে আশ্রয় চাইতে পারো।
- তুমি যদি পাসপোর্ট বা ভিসা ছাড়াই এসে থাকো তবে তোমাকে অবশ্যই 4 টি যাচাইকরণ পরীক্ষা পাস করতে হবে।

তুমি যদি 18 বছরের কম বয়সী এবং একা হও, তাহলে অবিলম্বে পুলিশ আধিকারিকদের সেটি জানাও।

তারা তোমাকে সমর্থন করার জন্য অভিভাবক নামক একজন ব্যক্তিকে নিয়োগ করবেন।

পরিচয় এবং নিরাপত্তা পরীক্ষা

একজন পুলিশ অফিসার বা বর্ডার গার্ড তোমার নাম, বয়স, তোমার দেশ এবং ভ্রমণের বিশদ বিবরণ জিজ্ঞাসা করবেন।



তারা 6 বছরের বেশি বয়স্ক সবার ছবি ও আঙুলের ছাপ নেবে।



তোমাকে তল্লাশি করা হতে পারে এবং তোমার জিনিসপত্র পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত জমা রাখা হতে পারে।



তোমার কাছে থাকা সমস্ত নথি অফিসারদের দেখাও, যেমন কোনো পরিচয়পত্র বা জন্ম সনদপত্র, এমনকি সেগুলি তোমার ফোনে তোলা ছবি হলেও।

স্বাস্থ্য এবং দুর্বলতা পরীক্ষা



একজন চিকিৎসক বা নার্স তোমাকে পরীক্ষা করবেন, কোনো রোগ এবং অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার জন্য।



তোমার মেডিকেল রিপোর্ট বা ভ্যাকসিন কার্ড থাকলে সেটি তাদের দেখাও।



প্রশিক্ষিত কর্মীরা তোমাকে সাহায্য করবেন। তুমি যদি কখনও চিন্তিত, দুঃখিত, ভীত বোধ করো বা তোমার পরিবারের সদস্যদের খোঁজো তবে তাদের সেটি জানাও।



তুমি যা জানাবে তা গোপনীয় থাকবে এবং তোমার নিজের দেশের কর্তৃপক্ষকে সেই বিষয়ে কিছু জানানো হবে না।



পরীক্ষা গুলি 7 দিন পর্যন্ত স্থায়ী হতে পারে।
এই সময়ে, তুমি যেখানে পরীক্ষা করা হয় সেখানে থাকবে।

মনে রাখবে

- ✓ যদি তুমি আশ্রয় প্রার্থনা করো, তাহলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যত তাড়াতাড়ি সম্ভব তোমার নিবন্ধন সম্পূর্ণ করতে হবে।
- ✓ তুমি পরামর্শ করার জন্য একজন আইনজীবীর এবং ভাষা না বুঝলে একজন দোভাষী চাইতে পারো। তারা তোমাকে বিনামূল্যে সাহায্য করবে।
- ✓ এখানে কর্মরত প্রত্যেকে অবশ্যই তোমার সাথে সম্মানজনক আচরণ করবে।
- ✓ অফিসারদের সঙ্গে কাজ করো এবং যদি তাদের বলা কোনো কথা বুঝতে অসুবিধা হয় তবে তারা কী জানতে চান তা ব্যাখ্যা করতে বলো।
- ✓ তুমি যদি কখনো ফিরে যেতে চাও, তাহলে তার উপায় সম্পর্কে জানতে আধিকারিকদের সাহায্য নাও।



Bengali